প্রথম আলো

তারিখ ... 28 APR 2009 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ...

হাউস অব কাউন্সিলর ঢাকায়

# জাপানে বেশিসংখ্যক শিক্ষার্থীর পড়াশোনার সুযোগ সৃষ্টি হবে

কূটনৈতিক প্রতিবেদক ●

জাপান আরও বেশি বাংলাদেশি শিক্ষার্থীকে সে দেশে পড়াশোনার সুযোগদানের আশ্বাস দিয়েছে। দেশটি বাংলাদেশি শিক্ষার্থীদের আরও বেশি হারে সুযোগ দেওয়ারও আগ্রহ প্রকাশ করেছে।

জাপানের হাউস অব কাউন্সিলরের সদস্য আইকো সিমাজিরি গতকাল সোমবার বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় সিমাজিরি তাঁর দেশের আগ্রহের কথা ব্যক্ত করেন বলে পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে।

সিমাজিরি বলেন, প্রতিবছর তিন লাখ বিদেশি শিক্ষার্থী জাপানে পড়াশোনা করতে যায়। তিনি বলেন, শিগগিরই জাপানের একটি বাণিজ্য প্রতিনিধিদল বাংলাদেশ সফর করবে।

প্রতিমন্ত্রী বলেন, বিশ্বের অষ্টম জনবহুল দেশ বাংলাদেশে পৃথিবীর মোট জনসংখ্যার ২.৫ শতাংশ বসবাস করে। বন্ধুপ্রতিম এশীয় দেশ হিসেবে প্রতিমন্ত্রী জাপানে তিন লাখ বিদেশি ছাত্রের মধ্যে উপযুক্ত কোটা কামনা করেন। সিমাজিরি বিষয়টি ইতিবাচকভাবে দেখার আশ্বাস দেন।

প্রতিমন্ত্রী বলেন, বেশি পরিমাণ বাংলাদেশি শিক্ষার্থীকে জাপানে পড়াশোনার সুযোগ দেওয়া হলে তা বাংলাদেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তারা সেখানে অত্যাধুনিক প্রযুক্তি শিক্ষার সুযোগ পাবে এবং লব্ধ জ্ঞান দেশের উন্নয়নে কাজে লাগাতে সক্ষম হবে। তিনি বলেন, বাণিজ্য প্রতিনিধিদল বাংলাদেশ সফর করলে উভয় দেশের মধ্যে বাণিজ্য বৃদ্ধিতে তা সহায়ক হবে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আরও বলেন, উন্নয়নের ক্ষেত্রে জাপান ও জাপানের জনগণ বাংলাদেশের জনগণের কাছে বড় প্রেরণার উৎস। তিনি বলেন, স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত জাপানই বাংলাদেশকে সবচেয়ে বেশি বৈদেশিক সহায়তা দিয়েছে। তিনি এ ব্যাপারে জাপানের সরকার ও জনগণের প্রতি কৃতজ্ঞতা জানান।